

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩১৫

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-মুনাফিকুন

بَابُّ: وَمِنْ سُورَةِ الْمُنَافِقِينَ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، يَقُولُ كُنَّا فِي غَزَاةٍ قَالَ سُفْيَانُ يَرَوْنَ أَنَّهَا غَزْوَةُ بَنِي الْمُصْطَلِقِ فَكَسَعَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ وَقَالَ الأَنْصَارِيُّ يَا لَلْأَنْصَارِ فَسَمِعَ رَجُلاً مِنَ الْأَنْصَارِ فَقَالَ المُهَاجِرِينَ وَقَالَ الأَنْصَارِيُّ يَا لَلأَنْصَارِ فَسَمِعَ ذَلِكَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ " مَا بَالُ دَعْوَى الْجَاهِلِيَّةِ ". قَالُوا رَجُلٌ مِنَ الْأَنْصَارِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " دَعُوهَا الْمُهَاجِرِينَ كَسَعَ رَجُلاً مِنَ الأَنْصَارِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " دَعُوهَا وَاللَّهِ (لَئِنْ لَكُونَ الْمَدِينَةِ لَيُخْرِجَنَّ الأَعْزُ مِنْهَا الأَذَلُّ) فَقَالَ عُمْرُ يَا رَسُولَ اللَّهِ دَعْنِي أَضْرِبْ عُنُو اللَّهِ لِللهَ عليه وسلم " دَعْهُ لاَ يَتَحَدَّثُ النَّاسُ أَنَّ مُحَمَّدًا عُثُولً النَّاسُ أَنَّ مُحُمَّدًا الله عليه وسلم " دَعْهُ لاَ يَتَحَدَّثُ النَّاسُ أَنَّ مُحَمَّدًا عَنُولَ النَّهِ فِي النَّهُ عَبْدُ اللّهِ بْنُ عَبْدُ اللّهِ بْنُ عَبْدُ اللّهِ فِي وَاللّهِ لاَ تَنْقَلِبُ حَتَّى النَّالِ وَرَسُولُ النَّهِ صلى الله عليه وسلم " دَعْهُ لاَ يَتَحَدَّثُ النَّاسُ أَنَّ مُحَمَّدًا عَوْرُ النَّالِ وَرَسُولُ النَّه صلى الله عليه وسلم " دَعْهُ لاَ يَتَحَدَّثُ النَّاسُ أَنَّ مُحَمَّدًا عَيْرُ اللّهِ فَالَ النَّهِ مِنْ عَبْدُ اللَّهِ وَاللَّهِ وَاللَّهِ لاَ تَنْقَلِبُ حَتَى النَّه عليه وسلم الْعَزِيزُ . فَفَعَلَ . قَالَ أَبُو عِيسَى هَذَا عَيْنَ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩৩১৫. ইবন আবু উমার (রহঃ) জাবির ইবন আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেনঃ আমরা এক গাযওয়াহ অভিযানে ছিলাম। বর্ণনাকারী সুফয়ান (রহঃ) বলেন এটি ছিল বানু মুত্তালিক (মুরায়সী) যুদ্ধ। ঘটনাক্রমে একজন মুহাজির জনৈক আনসারীর নিতম্বে ঘূমি মারে। আনসারী ব্যক্তিটি তখন (সাহায্যের জন্য) আনসারীদের আহবান জানায়। এদিকে মুহাজির ব্যক্তিটি মুহাজিরদের আহবান জানায়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা শুনে বলেনঃ এ জাহেলী ডাক কেন? সাহাবীরা বললেনঃ জনৈক মুহাজির ব্যক্তি জৈনক আনসারীর নিতম্বে ঘূমি মেরেছে।



নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ছেড়ে দাও তা এত পুঁতিগন্ধময় কথা। আবদুল্লাহ ইবন উবাই ইবন সালুলও তা শুনল। সে বলল এরা এমন করেছে না কি? আল্লাহর কসম আমরা যদি মদীনায় ফিরে যেতে পারি তবে সম্রান্তরা (মদীনাবাসীরা) নিকৃষ্টদের (মুহাজিরদের) আবশ্যই সেখান থেকে বের করে দিবে।

উমার রাদিয়াল্লাহু আনহু বললেন আমাকে ছেড়ে দিন ইয়া রাসূলাল্লাহ! এ মুনাফিকটার গর্দান উড়েয়ে দেই। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ছেড়ে দাও ওকে। মুহাম্মদ তার সঙ্গিদের হত্যা করেছে এ কথা যেন মানুষ না বলে। আমর ব্যতীত অন্যান্য রবীরা বলেনঃ আবদুল্লাহ ইবন উবাই এর ছেলে আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু তার পিতাকে বলেছিলেনঃ আল্লাহর কসম তুমি নিজে হীন এবং এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামই সম্মানিত, এ কথা স্বীকার না করা পর্যন্ত তুমি যেতে পারবে না। শেষে তাকে তা স্বীকার করতে হল।

সহীহ, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩১৫ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটি হাসান-সহীহ।

English

Sufyan narrated from Amr bin Dinar that he heard Jabir bin Abdullah saying: "We were in a battle" – Sufyan said: "They say it was the battle of Banu Mustaliq" – "A man from the Muhajirin kicked a man from the Ansar. The man from the Muhajirin said: 'O Muhajirin!' the man from the Ansar said: 'O Ansar!' The Prophet heard that and said: 'What is this evil call of Jahliyyah?' They said: 'A man from the Muhajirin kicked a man from the Ansar.' So the Prophet said: 'Leave that, for it is offensive.' Abdullah bin Ubayy bin Salul heard that and said: 'Did they really do that? By Allah! If we return to Al-Madinah indeed the more honorable will expel therefrom the meaner.' Umar said: 'Allow me to chop off the head of this hypocrite, O Messenger of Allah!' The Prophet said: 'Leave him, I do not want the people to say that Muhammad kills his Companions.'" Someone other than Amr said: "So his son, Abdullah bin Abdullah, said: 'By Allah! You shall not return until you say that you are the mean and that the Messenger of Allah is the honorable.' So he did so."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন